

স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২১. ৬২৬৬

তারিখঃ ০১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি।	০১) <b>বয়স সীমাঃ</b> প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়াম) বছর <b>০৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে</b> । সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০২) <b>অভিজ্ঞতাঃ</b> আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩) <b>অন্যান্য যোগ্যতাঃ</b> ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) প্রার্থীর পাটিগবিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (pbs.jhenaidah.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **০৪/০৭/২০২১ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

- স্বহস্তে লিখিত ডাউনলোডকৃত আবেদন ফরম।
- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং উক্ত সনদে সর্বশেষ বেতন উল্লেখ থাকতে হবে।
- একাধিক পবিস-এ চাকুরী সম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই একাধিক পবিস এর চাকুরীর “অভিজ্ঞতা সনদ” দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদন পত্রের সহিত দাখিলকৃত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক (নাম ও পদবী সন্মিলিত সীলসহ) সত্যায়িত হতে হবে।

